দৈনিক সংবাদ

তারিখ 22 APR 1987
পৃষ্ঠা ... 1 ... ... ...

ডকুমেন্টেশন কেন্দ্র

৪

# জাতীয় শিক্ষা কমিশন গঠিত

বিশিষ্ট শিক্ষাবিদ ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক মফিজউদ্দিনকে চেয়ারম্যান করে সরকার ২৯ সদস্যবিশিষ্ট উচ্চক্ষমতাসম্পন্ন জাতীয় শিক্ষা কমিশন গঠন করেছে। গতকাল মঙ্গলবার রাতে একথা ঘোষণা করা হয়। খবর বাসস'র।

কমিশন শীঘ্রই কাজ শুরু এবং ১৯৮৭ সালের ২২শে জুলাই'র মধ্যে এর রিপোর্ট পেশ করবে। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কমিশনের সদস্য সচিবরূপে কাজ করবেন।

ঘোষণায় বলা হয়, কমিশন অন্যান্য বিষয়ের মধ্যে প্রাথমিক, মাধ্যমিক, মাদ্রাসা, কারিগরি, কৃষি, চিকিৎসা, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় স্তরে শিক্ষার উন্নততর ব্যবস্থাপনা, প্রাপ্যতা ও মান নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা ও পদক্ষেপ গ্রহণের বিস্তারিত সুপারিশসহ এর রিপোর্ট পেশ

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## শিক্ষা কমিশন

(১ম পাতার পর)

করবে। কমিশন গঠনের কথা ঘোষণা করে শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বাসসকে বলেন, আমরা কিভাবে আমাদের শিক্ষাব্যবস্থা এবং এর ব্যবস্থাপনাকে আরও সুসমন্বিত, সুসংহত এবং বিশৃঙ্খলামুক্তভাবে সকলের জন্য উপযোগী করে তুলতে পারি কমিশন সে ব্যাপারেও পরামর্শ দেবে।